

আকাশে কালো মেঘ। তবে বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতেই সীমাবদ্ধ থাকল ঘূর্ণিঝড় অর্ণবের প্রভাব। এর বাইরে দিঘা বা সংলগ্ন এলাকায় তেমন কোনও প্রভাব পড়েনি। ছবি: যজ্ঞেশ্বর জানা

ফের আন্দামানে নিম্নচাপের সম্ভাবনা

আজকালের প্রতিবেদন

দুর্বল হয়েছে 'অর্ণব'। কিন্তু দক্ষিণ আন্দামানে আজ, বৃহস্পতিবারের মধ্যেই ফের নতুন করে নিম্নচাপ তৈরির সম্ভাবনা রয়েছে। বুধবার ভোর রাতে ইয়ানামের দক্ষিণ–পশ্চিম অংশে ঘণ্টায় ১২৫–১৩৫ কিমি বেগে প্রবেশ করে 'অর্ণব'। দমকা হাওয়া ছিল ঘণ্টায় ১৫০ কিমি। বুধবার সন্ধেয় এটি আরও উত্তর ও উত্তর–পশ্চিম দিকে সরেছে। এদিন মাঝরাতেই আরও দুর্বল হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আরও দুর্বল হয়ে আজ নিম্নচাপে পরিণত হতে পারে। অর্ণবের প্রভাবে আজও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় হালকা থেকে মাঝারি বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কাল, শুক্রবার থেকে বৃষ্টি ধীরে ধীরে কমবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। তবে এই সপ্তাহে তাপমাত্রা কমার সম্ভাবনা নেই। আন্দামান সাগরের নিম্নচাপটির গতিবিধির ওপর তাপমাত্রা কমবে কি না এবং বৃষ্টি হবে কি না তা নির্ভর করছে।

ময়নাতদন্তের পর দেহ পরিবারকে

নিরুপম সাহা ও প্রভাত সরকার

গাইঘাটা ও ধুলিয়ান, ২৮ অক্টোবর

এনকাউন্টারের ঘটনায় বুধবার থমথমে গাইঘাটা ও ধুলিয়ান। শুনশান দুই এলাকা। এ ব্যাপারে মুখ খুলতে চাইছেন না এলাকার বাসিন্দারা। গাইঘাটায় নিহত প্রহ্লাদ দাসের মৃতদেহ মঙ্গলবার সন্ধেয় বারাসত জেলা হাসপাতালে ময়নাতদন্তের পর পরিবারের হাতে দেহ তুলে দেওয়া হয়। আত্মীয়দের উপস্থিতিতে রাতেই শেষকৃত্য সম্পন্ন হয়। ধুলিয়ানে নিহত সামাউল শেখের মৃতদেহ ময়নাতদন্তের পর বুধবার বিকেলে তুলে দেওয়া হয় তাঁর পরিবারের হাতে। সামাউলের ময়নাতদন্ত হয় মুর্শিদাবাদ মেডিক্যালে।

নিহত প্রহ্লাদের মা জানিয়েছেন, ছেলে বিএ দ্বিতীয় বর্ষে পড়ার সময় তিনি একটি দুর্ঘটনার শিকার হন। তখন থেকে প্রহ্লাদ সংসার চালাতে পড়াশোনার পাশাপাশি বাবার সঙ্গে সেলুনের কাজ শিখছিল। একসময় এনসিসি শিখেছিল। সার্টিফিকেটও আছে। স্বপ্ন ছিল পুলিশ হয়ে দেশের সেবা করবে। কিন্তু ঘটনাচক্রে তাকেই পুলিশের সঙ্গে সঙ্ঘর্ষে মরতে হল। যদিও পুলিশের পক্ষ থেকে এনকাউন্টারের ঘটনার বিষয়ে কিছু বলা হয়নি। এদিকে, এনকাউন্টারের পর ধুলিয়ানের পরিবেশ একেবারে থমথমে। নিহত সামাউলের দাদা আমাউল জানান, ভাইয়ের মৃত্যু হয়েছে এই নিয়ে আর বলার কী আছে। এখন ধর্মীয় রীতি মেনে সৎকার করতে হবে। আসলে ভাইয়ের সঙ্গে আমার অনেকদিন ধরে যোগাযোগ ছিল না। ও লরি চালক ছিল। মাঝপথে তা বন্ধ করে অন্য কিছু কাজ করার চেষ্টা করছিল। বাড়িতে ওর স্ত্রী আর একটি সন্তান রয়েছে। ভাই যে কেন এরকম কাজ করতে গেল বুঝতে পারছি না। বিজেপি নেতা সুজিত মণ্ডল খুনে অভিযুক্ত ছিল সামাউল। আগস্ট মাসে খুন হয়েছিলেন সুজিত মণ্ডল। পুলিশ গ্রেপ্তার করেছিল মূল পান্ডা সামাউলকে। সুজিত মণ্ডলের স্ত্রী সুমনা মণ্ডল জানান, সরকার ও প্রশাসনের ওপর আস্থা ছিল। এখনও আছে। সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি।

গাইঘাটা, ধুলিয়ান

দেশের বৃহত্তম ব্যবসায়ী গোষ্ঠী এখন রিলায়েন্স

আজকালের প্রতিবেদন

শেয়ার বাজারে জিও প্ল্যাটফর্মসের আত্মপ্রকাশের পরেই দেশের বৃহত্তম ব্যবসায়ী গোষ্ঠীর তালিকার শীর্ষস্থানে উঠে এল রিলায়েন্স গ্রুপ। এর ফলে টাটা গোষ্ঠী দ্বিতীয় স্থানে এবং তৃতীয় স্থানে রইল আদানি গোষ্ঠী। বুধবার জিও প্ল্যাটফর্মসের শেয়ার ১ হাজার ৩৫৮ টাকায় বাজারে তালিকাভুক্ত হয়েছে, যা আইপিও (ইনিসিয়াল পাবলিক অফারিং)–র নির্ধারিত ১ হাজার ১১৯ টাকা মূল্যের তুলনায় ২১.৪ শতাংশ বেশি। এই দরে সংস্থাটির বাজারমূল্য দাঁড়াল প্রায় ১২.৫ লক্ষ কোটি টাকা।

তালিকাভুক্ত সংস্থাগুলির সম্মিলিত বাজারমূল্যের নিরিখে রিলায়েন্স গোষ্ঠীর মোট মূল্যায়ন এখন ২৮.৯ লক্ষ কোটি টাকা। টাটা গোষ্ঠীর ২৫.৬ লক্ষ কোটি এবং আদানি গোষ্ঠীর ১৬.৬ লক্ষ কোটি। অর্থাৎ, টাটার তুলনায় রিলায়েন্স এগিয়ে রইল ৩.২৩ লক্ষ কোটি টাকায়। রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ এবং জিও প্ল্যাটফর্মসের সম্মিলিত বাজারমূল্যের নিরিখে দেশের সর্বাধিক শেয়ারহোল্ডার থাকা সংস্থা হিসেবেও উঠে এলে জিও প্ল্যাটফর্মস। এখন শেয়ারহোল্ডারের সংখ্যা ৭৯.৮ লক্ষ।

শেয়ার বাজারে জিও প্ল্যাটফর্মস

অভাবনীয় সাফল্য নিয়ে বলতে গিয়ে জিও প্ল্যাটফর্মস সংস্থার ডিরেক্টর অনন্ত আম্বানি বলেন, জিও আপনারাই তৈরি করেছেন। আপনাদের স্বপ্নপূরণ করাই আমাদের স্বপ্ন। আজ এক্সচেঞ্জের ঘণ্টাধ্বনি আমার কাছে মন্দিরের ঘণ্টার শব্দের মতো শোনাবে। আমার কাছে ব্যবসা পুজোর সমান। আর প্রত্যেক পুজোর শেষে থাকে প্রসাদ। এদিন অনন্ত যখন বক্তব্য পেশ করছেন, তখন মুকেশ আম্বানির চোখে জল এসেছে ছেলের এই সাফল্যে। অনন্ত আম্বানি বলেছেন, এই উদ্যোগের বীজ বপন করেছিলেন দিদি ঈশা। পরে দাদা আকাশ আম্বানিও সেই স্বপ্নকে আপন করে নেন। জিও–র ম্যানেজিং ডিরেক্টর আকাশ আম্বানি বলেছেন, এই তালিকাভুক্তি শেষ কথা নয়, বরং নতুন যাত্রার সূচনা। প্রতিশ্রুতি রক্ষা এবং কাজের মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা অর্জন করাই আমাদের লক্ষ্য।

এদিন মুম্বইয়ে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জে জিও–র তালিকাভুক্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রিলায়েন্সের কর্ণধার মুকেশ আম্বানি, তাঁর স্ত্রী নীতা আম্বানি এবং পরিবারের অন্য সদস্যরা।

সিঙ্গুরের অদূরে রিসাইকেল হাব

মিল্টন সেন

হুগলি, ২৮ অক্টোবর

সিঙ্গুরের কাছেই নতুন উদ্যোগ। ইন্ডাস্ট্রিয়াল পার্কে তৈরি হল কর্মসংস্থানের সুযোগ। উদ্বোধন হল বেঙ্গল রিসাইকেল হাবের। সিঙ্গুর থেকে ন্যানো বিদায়ের ক্ষত এখনও তাজা। তবে নতুন সরকার ক্ষমতায় আসার পর থেকেই শিল্পের জন্য আপ্রাণ চেষ্টা করছে। কর্মসংস্থানের জন্য চেষ্টা করছে। ঠিক সেই সময়েই সিঙ্গুরের অদূরে দাদপুরে নির্মিত ইন্ডাস্ট্রিয়াল পার্ক দেখাচ্ছে কর্মসংস্থানের দিশা। সম্প্রতি সংখ্যাটা অনেকটাই বেশি। কর্তৃপক্ষ আশাবাদী, পরবর্তী সময়ে প্রত্যক্ষ কর্মসংস্থানের সংখ্যাটাও বাড়বে। সরকার ১৫ বছরের বেশি পুরনো গাড়ি বাতিল করার নির্দেশ দিয়েছে। পুরনো গাড়ির ডেথ সার্টিফিকেট বা সিওডি সার্টিফিকেট দেওয়া হবে রিসাইকেল হাব থেকে। পরবর্তী সময়ে ওই সার্টিফিকেট ব্যবহার করে নতুন গাড়ি কেনার ক্ষেত্রে ছাড় ও সুবিধা মিলবে গ্রাহকদের। গাড়ি স্ক্র্যাপ করার ক্ষেত্রে ভিস্ক্রাপ সরকারি পোর্টালে বা সংস্থার ওয়েবসাইটে যোগাযোগ করা যেতে পারে। বাড়িতে বসেই গাড়ি রিসাইকেল করা যাবে। নিখরচায় পুরনো গাড়ি পিকআপ করা হবে। জানিয়েছেন রিসাইকেল হাবের কর্ণধার পিন্টু জয়সওয়াল ও মুকেশ জয়সওয়াল। ইন্ডাস্ট্রিয়াল পার্কের ডেভেলপার সংস্থার তরফে জানানো হয়েছে, আগামী দিনে বেঙ্গল রিসাইকেল হাবের ব্যস্ততা বাড়বে। পাশাপাশি, ইন্ডাস্ট্রিয়াল পার্কে আরও একাধিক নানা ধরনের উদ্যোগ আসতে চলেছে। যত বেশি উদ্যোগ, তত বেশি কর্মসংস্থান। বিভিন্ন সংস্থা বিনা সমস্যায় তাদের প্রয়োজনমতো জমি কিনে কাজ শুরু করছে। কাজের সুযোগ তৈরি হচ্ছে। নতুন নতুন উদ্যোগও চোখে পড়ছে।

নতুন কর্মসংস্থানের সম্ভাবনা



সিঙ্গুরের দাদপুরে তৈরি বেঙ্গল রিসাইকেল হাব। ছবি: পার্থ রাহা

হুগলির দাদপুরের বেতা এলাকায় চুঁচুড়া–ধনিয়াখালি রোডের পাশে তিনশো বিঘা জমিতে গড়ে ওঠেছে 'ভূমি' ইন্ডাস্ট্রিয়াল পার্ক। ছোট, মাঝারি উদ্যোগ গড়ে উঠছে সেই পার্কে। তৈরি হয়েছে অয়্যারহাউস।

মঙ্গলবার দাদপুরের ভূমি ইন্ডাস্ট্রিয়াল পার্কে উদ্বোধন হয়ে গেল বেঙ্গল রিসাইকেল হাবের। মিনিস্ট্রি অফ রোড ট্রান্সপোর্ট অ্যান্ড হাইওয়ে অনুমোদিত এই রিসাইকেল হাবে বছরে ১৪ হাজার গাড়ি স্ক্র্যাপ করা হবে। পার্কের দুই একর জমিতে তৈরি হয়েছে এই হাব। আপাতত প্রত্যক্ষ ভাবে কাজ পেতে চলেছেন প্রায় পঞ্চাশজন। যদিও পরোক্ষ কর্মসংস্থানের

আহত বিজেপি কর্মী, ধৃত

গৌতম চক্রবর্তী

নোদাখালির পর আবার আক্রান্ত বিজেপি কর্মী। এবার বিষ্ণুপুরের পৈলানে। কালীপুজোর প্যান্ডেলের বাঁশ ফেলাকে কেন্দ্র করে তৃণমূল নেতার মারে আহত বিজেপির শ্রমিক সংগঠনের নেতা। ঘটনায় বুধবার সকালে উত্তপ্ত হয়ে ওঠে দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর থানার পৈলানের দৌলতপুর। অভিযোগ, এই ঘটনায় আহত হয়েছেন বিএমএসের কনভেনর সুকল্যাণ সরদার। তাঁকে আগ্নেয়াস্ত্রের বাঁট দিয়ে মাথায় মারা হয়েছে। ঘটনায় অভিযোগের তির এলাকার তৃণমূল বিধায়ক দিলীপ মণ্ডলের ছোট ভাই সঞ্জিৎ মণ্ডলের বিরুদ্ধে। পুলিশ নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার করেছে বিধায়কের ভাইকে। স্থানীয় সূত্রে খবর, পৈলান দৌলতপুর যুব সঙ্ঘের মাঠে আগেও কালীপুজো হত। অভিযোগ, ওই পুজো তৃণমূল কংগ্রেসের তরফে জোরপূর্বক পরিচালনা করা হত। এলাকার সাধারণ মানুষের সেখানে কোনও জায়গা ছিল না। রাজ্যে পালাবদলের পর এবার ওই মাঠেই বিজেপির পক্ষ থেকে কালীপুজো করার সিদ্ধান্ত নেওয়া হয়। সেই মতো সংশ্লিষ্ট জায়গায় প্যান্ডেলের বাঁশ পড়তে থাকে। অভিযোগ, তাতেই বাধা দেন তৃণমূল বিধায়ক দিলীপ মণ্ডলের ভাই সঞ্জিৎ মণ্ডল ও তার দলবল। আগ্নেয়াস্ত্র, বাঁশ, রড নিয়ে তারা চড়াও হয় বিএমএস নেতার ওপর। অভিযোগ এমনই। আহত হন বিএমএসের কনভেনার সুকল্যাণ সরদার। স্থানীয় মানুষজন তাঁকে উদ্ধার করে আমতলা গ্রামীণ হাসপাতালে নিয়ে যান।

গাইঘাটায় কুপিয়ে খুন কৃষককে

নিরুপম সাহা

গাইঘাটা, ২৮ অক্টোবর

এনকাউন্টারের ঘটনার রেশ কাটতে না কাটতেই গাইঘাটায় নৃশংস ভাবে খুন হলেন এক কৃষক। বুধবার সকালে জমিতে কাজ করতে গিয়েছিলেন তিনি। বর্ণবেরিয়ার রাজবংশীপাড়ার একটি ধানখেত থেকে উদ্ধার হয় তাঁর রক্তাক্ত দেহ। ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে এবং গলার নলি কেটে তাঁকে খুন করা হয়েছে বলে অভিযোগ। মৃতের নাম বাসুদেব দাস (৪০)। তাঁর বাড়ি গাইঘাটার নোড়াদহ গ্রামে। ঘটনায় নাড়ুগোপাল বিশ্বাস নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, বর্ণবেরিয়ার রাজবংশীপাড়ায় জমি ইজারা নিয়ে জবাফুলের চাষ করতেন বাসুদেব। বুধবার সকালে প্রতিদিনের মতোই জমিতে কাজে গিয়েছিলেন তিনি। সেই জমির পাশেই রয়েছে অভিযুক্ত নাড়ুগোপাল বিশ্বাসের জমি। অভিযোগ, ওই সময় বাসুদেবকে একা পেয়ে তাঁর ওপর ধারালো অস্ত্র নিয়ে হামলা চালায় নাড়ুগোপাল। এলোপাথাড়ি কোপানোর জেরে ঘটনাস্থলেই মৃত্যু হয় বাসুদেবের। পরে স্থানীয় বাসিন্দারা পুলিশে খবর দেন।

কৌস্তভের বিরুদ্ধে বিক্ষোভ

সোহম সেনগুপ্ত

বিধায়ক কৌস্তভ বাগচীর বিরুদ্ধে বুধবার ব্যারাকপুর ওয়ারলেস মোড়ে দলের জেলা অফিসের সামনে অবস্থান বিক্ষোভ করলেন বিজেপির প্রাক্তন জেলা সভাপতি অহিন্দ্রনাথ বসু। সোমবার তৃণমূলের দুই প্রাক্তন পুরপ্রধান উত্তম দাস ও প্রশান্ত চৌধুরিকে বিজেপিতে নেওয়ার বিরোধিতা করেন কৌস্তভ। পরের দিনই ব্যারাকপুর পুরসভার তৃণমূলের প্রাক্তন পুরপ্রধান উত্তম দাসের বাড়িতে বিজয়ার শুভেচ্ছা জানাতে যান অহিন্দ্রনাথ বসু–সহ একদল বিজেপি নেতা–কর্মী। অহিন্দ্রনাথের অভিযোগ কৌস্তভের অনুগামীরা তাকে অপমান করেছেন। এ ব্যাপারে কৌস্তভ বলেন, এটা দল বিরোধী কাজ কি না তা দল দেখবে। এ নিয়ে আমি কী বলব?

এদিকে, নিহত বিজেপি নেতা মণীশ শুক্লার বাবা চন্দ্রমণি শুক্লাকে ফোন ও হোয়াটসঅ্যাপে প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগ উঠল। ঘটনায় খড়দা থানায় অভিযোগ দায়ের করেছেন তিনি। বিজেপির শীর্ষ নেতৃত্বকেও বিষয়টি জানিয়েছেন চন্দ্রমণি। তাঁর অভিযোগ, সোমবার সাংবাদিক বৈঠক করার পর থেকেই তাঁর কাছে হুমকি আসতে শুরু করে।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

আসানসোল মেন ব্রাঞ্চ
৩৫৭ ও ৩৫৮, জি টি রোড, আসানসোল,
জেলা– পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ,
পিন–৭১৩৩০১
ই–মেল: asansol.A659@indianbank.bank.in

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত **ইন্ডিয়ান ব্যাঙ্ক, আসানসোল মেন ব্রাঞ্চ (সুরক্ষিত ঋণদাতা)**–এর কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক, আসানসোল মেন ব্রাঞ্চ (সুরক্ষিত ঋণদাতা)**–এর অনুমোদিত আধিকারিক **মেসার্স ইউনাইটেড মোটর স্টোরস, প্রোপ্রাইটর: মিঃ ঋষি মতরেজা, ৬২, সাঁঈদ কমার্শিয়াল কমপ্লেক্স,** মুরগাসোল, জি টি রোড, আসানসোল, পিন–৭১৩৩০৩; **মিঃ ঋষি মতরেজা (ঋণগ্রহীতা, জামিনদার ও বন্ধকদাতা), মিসেস ত্রাপ্তি মতরেজা (জামিনদার ও বন্ধকদাতা) ও মিস কিরণ মতরেজা (জামিনদার ও বন্ধকদাতা), সকলের ঠিকানা:** ফ্ল্যাট নং ৩/২, ফ্লোর নং ৩, রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট, মহিশিলা, এসবিআই ব্যাঙ্কের কাছে, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩৩০৩–এর থেকে ১৩.০২.২০২৫ তারিখের ভিত্তিতে ইন্ডিয়ান ব্যাঙ্ক, আসানসোল মেন ব্রাঞ্চ (সুরক্ষিত ঋণদাতা)–এর পাওনা বাবদ **₹২,৭০,৬৭,৫৬৫.০০ (দুই কোটি সত্তর লক্ষ সাতষট্টি হাজার পাঁচশো পঁয়ষট্টি টাকা মাত্র), তৎসহ ১৪.০২.২০২৫** তারিখের পরে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি সমেত পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তিগুলির বাস্তবিক দখল নিয়েছেন যেগুলি ২০.১১.২০২৬ তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।

ই–নিলাম উপায়ে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট বিবরণ এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) শাখার নাম	স্থাবর সম্পত্তি(গুলি)র বিশদ বিবরণ	সুরক্ষিত পাওনাদারদের বকেয়া পাওনা	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বাড়ানোর মূল্য ঘ) প্রপার্টি আইডি ঙ) সম্পত্তির ওপর দায় চ) দখলের প্রকৃতি
১.	**ক) মেসার্স ইউনাইটেড মোটর স্টোরস (ঋণগ্রহীতা)** **প্রোপ্রাইটর: মিঃ ঋষি মতরেজা** ৬২, সাঁঈদ কমার্শিয়াল কমপ্লেক্স, মুরগাসোল, জি টি রোড, আসানসোল, পিন–৭১৩৩০৩ **মিঃ ঋষি মতরেজা (ঋণগ্রহীতা, জামিনদার ও বন্ধকদাতা)** ফ্ল্যাট নং ৩/২, ফ্লোর নং ৩, রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট, মহিশিলা, এসবিআই ব্যাঙ্কের কাছে, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩৩০৩ **মিসেস ত্রাপ্তি মতরেজা (জামিনদার ও বন্ধকদাতা)** ফ্ল্যাট নং ৩/২, ফ্লোর নং ৩, রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট, মহিশিলা, এসবিআই ব্যাঙ্কের কাছে, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩৩০৩ **মিস কিরণ মতরেজা (জামিনদার ও বন্ধকদাতা)** ফ্ল্যাট নং ৩/২, ফ্লোর নং ৩, রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট, মহিশিলা, এসবিআই ব্যাঙ্কের কাছে, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩৩০৩ **খ) আসানসোল মেন ব্রাঞ্চ**	**সম্পত্তি নং ১: তফসিল 'এ':** জেলা– বর্ধমান, থানা– আসানসোল, মহকুমা ও অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস– আসানসোল, মৌজা– আসানসোল, আসানসোল পুরনিগমের এলাকাধীন, সামান্য কমবেশি ৭ (সাত) কাঠা ১ (এক) ছটাক মাপের জমি, যার আর এস খতিয়ান নং ২১১ (দুশো এগারো), আর এস প্লট নং ১৫৯২ (পনেরোশো বিরানব্বই), সি এস প্লট নং ২৮২ (দুশো বিরাশি), এলওপি নং ৫৪০, তৎসহ এই জমিতে নির্মিত 'রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট' নামক জি+৪ তলবিশিষ্ট বহুতল বিল্ডিং, যার মধ্যে রয়েছে বেশ কয়েকটি আবাসিক ফ্ল্যাট এবং প্রথম তলে (গ্রাউন্ড ফ্লোর) পার্কিং স্পেস ও অন্যান্য অবশিষ্ট স্পেস রয়েছে, এএমসি হোল্ডিং নং ২৭(২৭), ১ নং মহিশিলা কলোনি, ওয়ার্ড নং ২০ (পুরনো), ৮৬ (নতুন), আসানসোল পুরনিগম। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– শ্রীমতী কল্পনা দাসের সম্পত্তি; দক্ষিণ– শ্রী রঞ্জিত সরকার ও অন্যদের সম্পত্তি; পূর্ব– ২৮ (আঠাশ) ফুট চওড়া রাস্তা; পশ্চিম– শ্রী পরিতোষ চ্যাটার্জির সম্পত্তি। **উপরোক্তের তফসিল 'বি':** উপরোক্ত জেলা, মৌজা ও থানা ইত্যাদি স্থিত এবং ওপরের তফসিল 'এ'–তে উল্লিখিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত 'রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট' নামক উক্ত বিল্ডিংয়ের প্রথম তলে (গ্রাউন্ড ফ্লোর) সামান্য কমবেশি ৮৫১ (আটশো একান্ন) বর্গফুট কভার্ড এরিয়া বা ১০২২ (এক হাজার বাইশ) বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি গোডাউন রুমের অপরিহার্য সমগ্র পরিমাণ, তৎসহ উক্ত বিল্ডিংয়ের যৌথ এলাকা, সাধারণ চলাচলের পরিসর ও যাবতীয় এজমালি অধিকার ব্যবহারের সমানাধিকার। **২৭.১০.২০১৬ তারিখের আসল বিক্রয় দলিল নং ৮৪৩৯ অনুসারে শ্রীমতী কিরণ মতরেজা ও শ্রীমতী ত্রাপ্তি মতরেজার অনুকূলে।** **সম্পত্তি নং ২: তফসিল 'এ':** জেলা– বর্ধমান, থানা– আসানসোল, মহকুমা ও অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস– আসানসোল, মৌজা– আসানসোল, আসানসোল পুরনিগমের এলাকাধীন, সামান্য কমবেশি ৭ (সাত) কাঠা ১ (এক) ছটাক মাপের জমি, যার আর এস খতিয়ান নং ২১১ (দুশো এগারো), আর এস প্লট নং ১৫৯২ (পনেরোশো বিরানব্বই), সি এস প্লট নং ২৮২ (দুশো বিরাশি), এলওপি নং ৫৪০, তৎসহ এই জমিতে নির্মিত 'রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট' নামক জি+৪ তলবিশিষ্ট বহুতল বিল্ডিং যার মধ্যে রয়েছে বেশ কয়েকটি আবাসিক ফ্ল্যাট এবং প্রথম তলে (গ্রাউন্ড ফ্লোর) পার্কিং স্পেস ও অন্যান্য অবশিষ্ট স্পেস রয়েছে, এএমসি হোল্ডিং নং ২৭(২৭), ১ নং মহিশিলা কলোনি, ওয়ার্ড নং ২০ (পুরনো), ৮৬ (নতুন), আসানসোল পুরনিগম। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– শ্রীমতী কল্পনা দাসের সম্পত্তি; দক্ষিণ– শ্রী রঞ্জিত সরকার ও অন্যদের সম্পত্তি; পূর্ব– ২৮ (আঠাশ) ফুট চওড়া রাস্তা; পশ্চিম– শ্রী পরিতোষ চ্যাটার্জির সম্পত্তি। **উপরোক্তের তফসিল 'বি':** উপরোক্ত জেলা, মৌজা ও থানা ইত্যাদি স্থিত এবং ওপরের তফসিল 'এ'–তে উল্লিখিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত 'রাজলক্ষ্মী অ্যাপার্টমেন্ট' নামক উক্ত বিল্ডিংয়ের চতুর্থ তলে (ফ্লোর নং ৩) তিনটি বেডরুম, একটি ড্রয়িং কাম ডাইনিং, একটি কিচেন, দুটি টয়লেট, একটি ওয়াশ এরিয়া, দুটি ব্যালকনি ও সকল ফিটিংস ও ফিক্সচারস, ইলেকট্রিক ফিটিংস, সংযোগ ইত্যাদি নিয়ে গঠিত সামান্য কমবেশি ১৫৭৪.৬ (পনেরোশো চুয়াত্তর দশমিক ছয়) বর্গফুট কভার্ড এরিয়া বা ২০৪৭ (দুই হাজার সাতচল্লিশ) বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া ও ইউনিট নং ৩/২ সংবলিত একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট, তৎসহ উক্ত বিল্ডিংয়ের প্রথম তলে (গ্রাউন্ড ফ্লোর) একটি চারচাকা গাড়ি পার্ক করার সামান্য কমবেশি ১৩৫ (একশো পঁয়ত্রিশ) বর্গফুট মাপের স্পেসের অপরিহার্য সমগ্র পরিমাণ, তৎসহ উক্ত বিল্ডিংয়ের যৌথ এলাকা, সাধারণ চলাচলের পরিসর ও যাবতীয় এজমালি অধিকার ব্যবহারের সমানাধিকার। **২২.০৪.২০১৫ তারিখের আসল বিক্রয় দলিল নং ২৭৩৩ অনুসারে শ্রী ঋষি মতরেজা ও শ্রীমতী ত্রাপ্তি মতরেজার অনুকূলে।**	₹২,৭০,৬৭,৫৬৫.০০ (দুই কোটি সত্তর লক্ষ সাতষট্টি হাজার পাঁচশো পঁয়ষট্টি টাকা মাত্র), ১৩.০২.২০২৫ অনুযায়ী, তৎসহ ১৪.০২.২০২৫ তারিখ থেকে পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি	**ক) সম্পত্তি নং ১: ₹৪৩,০০,০০০.০০ (*)** (তেতাল্লিশ লক্ষ টাকা মাত্র) **সম্পত্তি নং ২: ₹৪৮,০০,০০০.০০ (*)** (আটচল্লিশ লক্ষ টাকা মাত্র) **খ) সম্পত্তি নং ১: ₹৪,৩০,০০০.০০** (চার লক্ষ তিরিশ হাজার টাকা মাত্র) **সম্পত্তি নং ২: ₹৪,৮০,০০০.০০** (চার লক্ষ আশি হাজার টাকা মাত্র) **গ) ₹১০,০০০.০০** (দশ হাজার টাকা মাত্র) **প্রতিটি সম্পত্তির ক্ষেত্রে** **ঘ) সম্পত্তি নং ১: IDIB50030387681B** **সম্পত্তি নং ২: IDIB50030387681C** **ঙ) ব্যাঙ্কের জানা নেই** **চ) বাস্তবিক দখল** **প্রপার্টি আইডি: IDIB50030387681B** **প্রপার্টি আইডি: IDIB50030387681C**

যোগাযোগের ব্যক্তি: প্রবীণ কুমার (অনুমোদিত আধিকারিক), মোবাইল: ৯০৬৫৮৩৩৫০২

(*) বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে

পরিদর্শনের তারিখ: ০২.১১.২০২৬ থেকে ১৮.১১.২০২৬, সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে
ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ২০.১১.২০২৬, সময়: সকাল ১০টা থেকে সন্ধে ৬টা
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ**–এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে** অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন **(ই–মেল: support.baanknet@psballiance.com)**। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.baanknet@psballiance.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন। সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে **যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।**
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ২৭.১০.২০২৬
স্থান: আসানসোল

অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক

পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ (এআরএমবি): পুরুলিয়া
এআরএমবি পুরুলিয়া, রাজা বাঁধ পাড়া, শশধর গাঙ্গুলি রোড, পুরুলিয়া, পশ্চিমবঙ্গ–৭২৩১০১। ই–মেল: cs8301@pnb.bank.in

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে এই ব্যাঙ্ক/ সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে'** এবং **'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

ই–নিলামের তারিখ ও সময়: ২৬.১১.২০২৬, সকাল ১১টা থেকে বিকেল ৪টে এবং ইএমডি জমার শেষ তারিখ ও সময়: ২৬.১১.২০২৬, দুপুর ৩টে
এআরএমবি, পুরুলিয়া, মিঃ মুকেশ কুমার, চিফ ম্যানেজার (অনুমোদিত আধিকারিক), মোবাইল: ৮৭৮৯২৩৬৭৭১, ই–অকশন কালেকশন অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য:
অ্যাকাউন্টের নাম: RTGS- INTERBANK ACCOUNT, অ্যাকাউন্ট নং: 830100317118A (আইএফএসসি: PUNB0830100)

সুরক্ষিত পরিসম্পদের তফসিল

ক্রম নং	শাখার নাম অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতা/ জামিনদার/ অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকি স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং বন্ধকদাতা/ স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতাগণ]	ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) নির্ধারিত তারিখে অনাদায়ী বকেয়া গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক)	ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকা) খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য
১.	মেজিয়া থার্মাল পাওয়ার স্টেশন (১৪৯৫২০) প্রসেনজিৎ বিশ্বাস ঋণগ্রহীতা: **মিঃ প্রসেনজিৎ বিশ্বাস, পিতা– প্রয়াত হীরেন্দ্রনাথ বিশ্বাস,** গ্রাম– মালিয়ারা, পোঃঅঃ– মালিয়ারা, থানা– গঙ্গাজলঘাটি, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭২২১৪২ **জামিনদার ও বন্ধকদাতা: মিঃ রবিলোচন মাজি, পিতা– ভূতনাথ মাজি,** গ্রাম– সদানন্দপুর, পোঃঅঃ– চৌশাল, থানা– গঙ্গাজলঘাটি, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭২২১৪২	নিম্নোক্ত ০৮.০০ ডেসিমেল মাপের জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বাসুদেবপুর, জে এল নং ১৩, খতিয়ান নং ৭৬৪ ও ৭৬৫, দাগ নং ৪৬৭, থানা– গঙ্গাজলঘাটি, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, ২০০৯ সালের দলিল নং ২৬৬২ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ রবিলোচন মাজি, পিতা– ভূতনাথ মাজি। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ০৩.১১.২০১৬ খ) ₹২১,০০,৯৯১.৭১ (৩০.০৯.২০১৬ অনুযায়ী), তৎসহ ০১.১০.২০১৬ পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ গ) ২৭.০২.২০২০ ঘ) প্রতীকী দখল	ক) ₹১০.৯১ লক্ষ খ) ₹১.০৯ লক্ষ গ) ০.১০ লক্ষ
২.	মেজিয়া থার্মাল পাওয়ার স্টেশন (১৪৯৫২০) ঋণগ্রহীতা ও বন্ধকদাতা: **সুখময় মাজি, পিতা– ভূতনাথ মাজি** **ঠিকানা:** গ্রাম– সদানন্দপুর, পোঃঅঃ– চৌশাল, থানা– গঙ্গাজলঘাটি, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭২২১৪২	নিম্নোক্ত ০৮.০০ ডেসিমেল মাপের জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বাসুদেবপুর, জে এল নং ১৩, খতিয়ান নং ৭৬৫, দাগ নং ৪৬৭, থানা– গঙ্গাজলঘাটি, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, ২০০৯ সালের দলিল নং I–২৬৬৩ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ সুখময় মাজি। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ০৩.১১.২০১৬ খ) ₹৩১,৩৯,৮৯৪.০০ (৩০.০৯.২০১৬ অনুযায়ী), তৎসহ ০১.১০.২০১৬ পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ গ) ১৫.০২.২০১৯ ঘ) প্রতীকী দখল	ক) ₹১৬.২৯ লক্ষ খ) ₹১.৬৩ লক্ষ গ) ০.১০ লক্ষ
৩.	মেজিয়া থার্মাল পাওয়ার স্টেশন (১৪৯৫২০) মিঃ সুরজিৎ ভট্টাচার্য ঋণগ্রহীতা: **সুরজিৎ ভট্টাচার্য,** পিতা– অশোক কুমার ভট্টাচার্য জামিনদার ও বন্ধকদাতা: **সরস্বতী ভট্টাচার্য,** স্বামী– অশোক কুমার ভট্টাচার্য সকলের ঠিকানা: গ্রাম ও পোঃঅঃ– মালিয়ারা, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭২২১৪২	নিম্নোক্ত ৪.০০ ডেসিমেল জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জে এল নং ০৫, খতিয়ান নং ৪১৭৭, প্লট নং ৩৭৩৪, মৌজা– মালিয়ারা, থানা– বড়জোড়া, জেলা– বাঁকুড়া, পিন–৭২২১৪২, পশ্চিমবঙ্গ। বই নং ১, ভলিউম নং ৩, পৃষ্ঠা নং ৪৭৭ থেকে ৪৮০–তে নথিভুক্ত ২১.০২.২০০১ তারিখে সম্পাদিত দলিল নং ৩৫৪/২০০১ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: সরস্বতী ভট্টাচার্য। বাস্তবিক পরিদর্শন অনুযায়ী সম্পত্তির চৌহদ্দি: উত্তর– পুকুর; দক্ষিণ– ১২ ফুট চওড়া রাস্তা; পূর্ব– চন্দনা চ্যাটার্জির বাড়ি; পশ্চিম– ৭ ফুট চওড়া রাস্তা। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ০১.০৯.২০১৭ খ) ₹৩৩,৬১,৫৪২.৬১ (৩১.০৮.২০১৭ অনুযায়ী), তৎসহ ০১.০৯.২০১৭ পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ গ) ১৪.০৩.২০১৯ ঘ) প্রতীকী দখল	ক) ₹২২.৯৮ লক্ষ খ) ₹২.২৯ লক্ষ গ) ০.১০ লক্ষ

ই–নিলাম বিক্রির শর্ত ও নিয়মাবলি:

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **ওপরে লেখা তারিখ ও সময়ে https://baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা পরিচালিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com এবং www.pnbindia.in** ওয়েবসাইটগুলি দেখুন।
৫. সুরক্ষিত ঋণদাতার জানা দায় সম্পর্কিত তথ্য: **জানা নেই।**

তারিখ: ২৮.১০.২০২৬
স্থান: পুরুলিয়া

অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা

সারফায়েসি অ্যাক্ট–এর রুল ৮(৬) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

রাতে ট্রেনে মোবাইল-ল্যাপটপে চার্জ নয়

সংবাদ সংস্থা

দিল্লি, ২৮ অক্টোবর

রাত ১১টা থেকে ভোর ৫টা পর্যন্ত বন্ধ রাখতে হবে ট্রেনের সব চার্জিং পয়েন্ট— দক্ষিণ–পূর্ব রেলের ট্রেনে পাওয়ার ব্যাঙ্ক বিস্ফোরণের পর সতর্ক করল রেল বোর্ড। ট্রেনের কামরায় ওই সময়ের মধ্যে ফোন ও ল্যাপটপ চার্জ দেওয়ার পয়েন্ট যাতে বন্ধ থাকে, তা কঠোর ভাবে কার্যকর করতে সমস্ত রেল জোনকে নির্দেশ দেওয়া হয়েছে। দক্ষিণ–পূর্ব রেলের একটি ট্রেনে যাত্রীর পাওয়ার ব্যাঙ্ক বিস্ফোরণ ঘটেছিল। এর পরেই নড়েচড়ে বসেছে রেল। ২৬ অক্টোবরের একটি চিঠিতে রেল বোর্ড জানিয়েছে, দক্ষিণ–পূর্ব রেলের ওই ট্রেনটিতে নির্ধারিত সময়ে চার্জিং পয়েন্টের বিদ্যুৎ সংযোগ বন্ধ করেননি কর্মীরা। সেই অবস্থায় চার্জ দেওয়ার সময় এক যাত্রীর পাওয়ার ব্যাঙ্ক ফেটে গিয়ে কামরায় ধোঁয়া ছড়িয়ে পড়ে। নতুন নিয়ম কার্যকর করতে সংশ্লিষ্ট কর্মীদের প্রশিক্ষণ দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। ট্রেনে রাতে চার্জিং পয়েন্ট বন্ধ রাখার নিয়মটি চালু হয়েছিল ২০১৪ সালের জুন মাসে। তার আগে, ২০১৩ সালে দক্ষিণ–পশ্চিম রেলের বেঙ্গালুরু ডিভিশনে হজরত সাহিব নান্দেড়–কেএসআর বেঙ্গালুরু এক্সপ্রেসের একটি শীতাতপ–নিয়ন্ত্রিত কামরায় আগুন লাগে। সেই ঘটনার পরেই এসি কামরায় রাত ১১টা থেকে ভোর ৫টা পর্যন্ত চার্জিং পয়েন্ট বন্ধ রাখার নির্দেশ দিয়েছিল রেল।